

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৬৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩৩: অনাথ-এতীম, কন্যা-সন্তান ও সমস্ত দুর্বল ও দরিদ্রের সঙ্গে নম্রতা, তাদের প্রতি দয়া ও তাদের সঙ্গে বিনম্র ব্যবহার করার গুরুত্ব

بَابُ مُلَاطَفَةِ الْيَتِيْمِ وَالْبَنَاتِ وَسَائِرِ الضَّعْفَةِ وَالْمَسَاكِيْنَ وَالتَّوَاضُعِ مَعَهُمْ وَخَفْضِ الْجَنَاحِ لَهُمْ _ (33)

আরবী

وَعَن سَعدِ بنِ أَبِي وَقَاصِ رضي الله عنه، قَالَ: كُنَّا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم تَقَ نَفَرٍ، فَقَالَ المُشْرِكُونَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم: أُطْرُدْ هَوُّلاَءِ لاَ يَجْتَرِئُونَ عَلَيْنَا، وَكُنْتُ أَنَا وَابْنُ مَسْعُودٍ وَرَجُلُ مِنْ هُذَيْلٍ وَبِلالٌ وَرَجُلاَنِ لَسْتُ أُسَمِّيهِمَا، فَوَقَعَ في نَفسِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مَا شَاءَ اللهُ أَنْ يَقَعَ فَحَدَّثَ نَفسَهُ، فَأَنْزَلَ اللهُ تَعَالَى : ﴿ وَلَا تَطارَرُدِ ٱلَّذِينَ يَدا عُونَ رَبَّهُم بِٱلاَ فَدَوْةِ وَٱللهَ عَشِيِّ يُرِيدُونَ وَجِهه ﴾ [الانعام: ٥٢] رواه مسلم

বাংলা

আল্লাহ তা'আলা বলেন.

﴿ وَٱخْتَافِض ؟ جَنَاحُكَ لِمَنِ ٱتَّبَعَكَ مِنَ ٱللَّمُوا مِنِينَ ٢١٥ ﴾ [الشعراء: ٢١٥]

অর্থাৎ "মু'মিনদের জন্য তুমি তোমার বাহুকে অবনমিত রাখ।" (সূরা হিজর ৮৮ আয়াত)

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَٱصابَرا اللَّهِ نَفْاسَكَ مَعَ ٱلَّذِينَ يَداَّعُونَ رَبَّهُم بِٱلاَّغَدَاوةِ وَٱللَّعَشِيِّ يُرِيدُونَ وَجالَهَهُ اَكَ وَلَا تَعادُ عَيانَاكَ عَناهُم اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهِ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّاللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ

অর্থাৎ "তুমি নিজেকে তাদেরই সংসর্গে রাখ যারা সকাল ও সন্ধ্যায় তাদের রবকে তাঁর সম্ভুষ্টি লাভের উদ্দেশ্যে আহ্বান করে এবং তুমি পার্থিব জীবনের শোভা কামনা করে তাদের দিক হতে তোমার দৃষ্টি ফিরিয়ে নিয়ো না।"



(সুরা কাহফ ২৮ আয়াত)

তিনি আরো বলেন,

অর্থাৎ "অতএব তুমি পিতৃহীনের প্রতি কঠোর হয়ো না এবং ভিক্ষুককে ধমক দিয়ো না।" (সূরা যুহা ৯-১০ আয়াত)

আল্লাহ তা'আলা বলেন,

অর্থাৎ "তুমি কি দেখেছ তাকে, যে (দ্বীন বা) কর্মফলকে মিথ্যা মনে করে থাকে? সে তো ঐ ব্যক্তি, যে পিতৃহীনকে রূঢ়ভাবে তাড়িয়ে দেয়। এবং সে অভাবগ্রস্তকে খাদ্যদানে উৎসাহ প্রদান করে না।" (সূরা মাউন ১-৩ আয়াত)

১/২৬৫। সা'দ ইবনু আবী অক্কাস রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একদা আমরা ছ'জন লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। ইতোমধ্যে মুশরিকরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলল, 'এদেরকে (আপনার মজলিস থেকে) তাড়িয়ে দিন, যেন এরা আমাদের ব্যাপারে দুঃসাহসী হতে না পারে।' (সা'দ বলেন,) আমি, ইবনু মাসউদ, হুযাইল গোত্রের এক ব্যক্তি, বিলাল এবং আরও দু'জন ছিলেন, যাদের নাম আমি করছি না। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অন্তরে আল্লাহ যা ইচ্ছা করলেন তাই ঘটল। সুতরাং তিনি মনে মনে (তাঁদেরকে তাড়ানোর) কথা ভাবলেন। যার জন্য আল্লাহ এই আয়াত অবতীর্ণ করলেন, ''যারা তাদের প্রতিপালককে প্রাতে ও সন্ধ্যায় তাঁর সন্তুষ্টি লাভের জন্য ডাকে, তাদেরকে তুমি বিতাড়িত করো না।'' সূরা আন'আম ৫২ আয়াত, মুসলিম) [1]

English

(33) Chapter: Benevolent Treatment towards Orphans, Girls, the Weak, the Poor and the Humble Persons

Benevolent Treatment towards Orphans, Girls, the Weak, the Poor and the Humble Persons

Allah, the Exalted, says:

"And lower your wings for the believers (be courteous to the fellow-believers)". (15:88)



"And keep yourself (O Muhammad (PBUH)) patiently with those who call on their Rubb (i.e., your

companions who remember their Rubb with glorification, praising in prayers, and other righteous deeds)

morning and afternoon, seeking His Face, and let not your eyes overlook them, desiring the pomp and glitter of the life of the world." (18:28)

"Therefore, treat not the orphan with oppression. And repulse not the beggar." (93:9,10)

"Have you seen him who denies the Recompense? That is he who repulses the orphan (harshly). And urges not the feeding of Al-Miskin (the poor)". (107:1-3)

Sa'd bin Abu Waqqas (May Allah be pleased with him) reported:

Six of us were with the Prophet () when the infidels said to him: "Drive these ones away, lest they should begin to venture against us". The six were, myself, Ibn Mas'ud, a man of the Hudhail tribe, Bilal and two other men whose names I don't know. Messenger of Allah () thought what Allah wished him to think, and Allah revealed: "And turn not away those who invoke their Rubb, morning and afternoon seeking His Face." (6:52)

[Muslim].

Commentary: This Hadith tells us that those people alone have value in the sight of Allah who are equipped with Faith and good deeds, no matter how humble they are in the eyes of people because of their poverty and indigence. Those who are deprived of Faith and good conduct have absolutely no value in His sight even if they hold a high status in this world. This Hadith also exhorts the believers that criterion for respect and honour should also be Faith, not the lineage or wealth.

ফুটনোট

[1] মুসলিম ২৪১৩, ইবনু মাজাহ ৪১২৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)



 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 22603$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন